# গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
## GARIB-E-NEWAZ HIGH SCHOOL
ব্লক-আই, হালিশহর হাউজিং এষ্টেট, থানা-হালিশহর, চট্টগ্রাম। EIIN # 104664, বিদ্যালয় কোড # ৩০১৬
ফোন ঃ ৭১২৬২৮, ইমেইল-gnhsc@yahoo.com, Web : gnsc.edu.bd

স্থাপিত ঃ ১৯৮০ ইং

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে— কতিপয় ব্যক্তি/মহল বিদ্যালয়ের নাম, পরিচয় ও ভাবমূর্তি ব্যবহার করে বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্ম, সামাজিক যোগাযোগমাধ্যম ও মেসেজিং গ্রুপে মনগড়া, বিভ্রান্তিকর ও অনুমোদনহীন বিজ্ঞপ্তি, তথ্য ও বক্তব্য প্রচার করছেন। এসব প্রচারণার ফলে বিদ্যালয়ের সুনাম ও ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার পাশাপাশি শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে অযথা উদ্বেগ, ভীতি ও বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে।

সংশ্লিষ্ট ব্যক্তি/মহলকে অবিলম্বে এ ধরনের অপপ্রচার, গুজব, মিথ্যা/মনগড়া তথ্য, জাল বা অনুমোদনহীন বিজ্ঞপ্তি প্রস্তুত, প্রকাশ, প্রচার ও শেয়ার করা থেকে বিরত থাকার জন্য কঠোরভাবে সতর্ক করা হলো। ভবিষ্যতে এ ধরনের কর্মকাণ্ডের মাধ্যমে বিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ন করা, জনমনে বিভ্রান্তি বা ভীতির সৃষ্টি করা কিংবা বিদ্যালয়ের নাম ও পরিচয় অপব্যবহার করার প্রমাণ পাওয়া গেলে, সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রচলিত আইনকানুন এবং প্রযোজ্য সাইবার আইন/বিধি অনুযায়ী যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ মর্মে সুস্পষ্টভাবে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও অনুমোদিত কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে জারিকৃত ও স্বাক্ষরিত বিজ্ঞপ্তি শুধুমাত্র নিম্নোক্ত নির্ধারিত মাধ্যমে প্রকাশিত হবে—

১. বিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইট: https://www.gnsc.edu.bd/

২. বিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেজ: https://www.facebook.com/Digitalcampus1

৩. বিদ্যালয় প্রাঙ্গণে স্থাপিত নির্ধারিত নোটিশ বোর্ড।

৪. প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত শ্রেণিশিক্ষকদের স্ব-স্ব শ্রেণির হোয়াটসঅ্যাপ গ্রুপ।

অতএব, শিক্ষার্থী, অভিভাবক ও সংশ্লিষ্ট সকলকে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত কোনো তথ্য যাচাই না করে বিশ্বাস বা প্রচার না করার জন্য জানানো হলো। কোনো বিজ্ঞপ্তির সত্যতা নিয়ে সন্দেহ থাকলে সরাসরি বিদ্যালয়ের অফিসে যোগাযোগ করে অথবা উপরোক্ত নির্ধারিত অফিসিয়াল মাধ্যমসমূহ যাচাই করার জন্য জানানো হলো। বিদ্যালয়ের বৃহত্তর স্বার্থ, শিক্ষার্থীদের নিরাপত্তা এবং প্রতিষ্ঠানের সুনাম রক্ষার্থে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

১৮/০৮/২০২৬

মোহাম্মদ রফিকুল ইসলাম
প্রধান শিক্ষক
গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
হালিশহর, চট্টগ্রাম।
gnhsc@yahoo.com